

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি সংস্কার বোর্ড  
বাজেট শাখা-০৪  
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি  
তেজগাঁও, ঢাকা-১২০৮  
www.lrb.gov.bd

৩ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ  
তারিখ: ১৭ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.১১.০০৬১.২০.২১৬

বিষয়: মাদারীপুর জেলার রাজস্ব প্রশাসনের ২০তম গ্রেডে নিয়োগ পরীক্ষার অর্থ বরাদ্দ প্রসঙ্গে।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর এর স্মারক নং-০৫.৪১.৫৪০০.০০০.১১৫.১১.০০০২.২৫-৪৮৬, তারিখঃ ১৩-০৫ -২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলার রাজস্ব প্রশাসনের অধীন ২০তম গ্রেডভূক্ত অফিস সহায়ক পদে ৪৫ (পঁয়তাল্লিশ) জন এবং নিরাপত্তা প্রহরী পদে ০২ (দুই) জন, সর্বমোট ৪৭ (সাতচল্লিশ) জন কর্মচারী নিয়োগের ব্যয় নির্বাহ বাবদ ৪,৯০,৭৯৭/- (চার লক্ষ নব্বই হাজার সাতশত সাতানব্বই) টাকা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

০২। উল্লেখ্য, জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রাপ্ত পত্র পর্যালোচনায় দেখা যায় যে, মাদারীপুর জেলা রাজস্ব প্রশাসনে ১৭-২০ তম গ্রেডের কর্মচারী নিয়োগ কমিটি কর্তৃক লিখিত ও মৌখিক পরীক্ষা সম্পন্নকরণের মাধ্যমে অফিস সহায়ক পদে ৪৫ (পঁয়তাল্লিশ) জন এবং নিরাপত্তা প্রহরী পদে ০২ (দুই) জন, সর্বমোট ৪৭ (সাতচল্লিশ) জনকে ২০তম গ্রেডে নিয়োগের জন্য চূড়ান্ত সুপারিশ করা হয়েছে এবং ইতোমধ্যে সম্পন্ন নিয়োগ পরীক্ষার নিম্নরূপ ব্যয় বিভাজন প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

ক্রমিক নং	বিষয়	সংখ্যা	হার	মোট টাকা	মন্তব্য
০১।	প্রশ্নপত্র প্রণয়নের জন্য সম্মানী	৩জন	৫০০০/-	১৫,০০০/-	
০২।	নির্বাচন কমিটির সম্মানী	১৬জন	৫০০০/-	৮০,০০০/-	
০৩।	মৌখিক পরীক্ষার সদস্যদের সম্মানী	১২জন	৫০০০/-	৬০,০০০/-	
০৪।	উত্তরপত্র মূল্যায়ন	১০৩৭ টি	১২০/-	১,২৪,৪৪০/-	
০৫।	আপ্যায়ন ব্যয় (জন প্রতি) (দুপুর/রাতের খাবার)	১২১জন	৪৫০/-	৫৪,৪৫০/-	
	আপ্যায়ন ব্যয় (জন প্রতি) (নাস্তা)	১৪০জন	২০০/-	২৮,০০০/-	
০৬।	কর্মচারীদের সম্মানী	৯ম গ্রেড ও তদুর্ধ্ব ১৩ জন	১০০০/-	১৩,০০০/-	
		১০ম থেকে ১৬তম গ্রেড ৩০ জন	৮০০/-	২৪,০০০/-	
		১৭তম থেকে ২০তম গ্রেড ৩০জন	৬০০/-	১৮,০০০/-	
০৭।	ভেন্যুর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মনোনীত সমন্বয়কারীর সম্মানী	১টি	৩০০০/-	৩,০০০/-	
০৮।	লিখিত পরীক্ষা কেন্দ্র পরিদর্শকের সম্মানী	৫৪ জন	১০০০/-	৫৪,০০০/-	অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত হার ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা হলেও ১,০০০/- (এক হাজার) টাকা হারে সম্মানী প্রদান করা হয়েছে।
০৯।	লিখিত পরীক্ষার আসন বিন্যাস বাবদ ব্যয়	১,৭০১টি	২/-	৩,৪০২/-	
১০।	লিখিত পরীক্ষার উত্তরপত্র তৈরি	১,৭০১টি	৫/-	৮,৫০৫/-	
১১।	বিবিধ (কাগজ, কলম এবং আনুষঙ্গিক দ্রব্যাদি)	-	৫০০০/-	৫,০০০/-	
সর্বমোট (কথায়): (চার লক্ষ নব্বই হাজার সাতশত সাতানব্বই) টাকা।				৪,৯০,৭৯৭/-	

০৩। এমতাবস্থায়, জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রাপ্ত প্রস্তাব মোতাবেক ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে “১৪৬০৪০১-জেলা ভূমি প্রশাসন কার্যালয়সমূহ” প্রাতিষ্ঠানিক কোডভুক্ত ‘৩২১১১৩৫-নিয়োগ পরীক্ষা’ উপখাতে বরাদ্দকৃত অর্থ হতে মাদারীপুর জেলার রাজস্ব প্রশাসনের ২০তম গ্রেডের অফিস সহায়ক পদে ৪৫ (পঁয়তাল্লিশ) জন এবং নিরাপত্তা প্রহরী পদে ০২ (দুই) জন, সর্বমোট ৪৭ (সাতচল্লিশ) জনকে নিয়োগদানের ব্যয় নির্বাহ বাবদ ৪,৯০,৭৯৭/- (চার লক্ষ নব্বই হাজার সাতশত সাতানব্বই) টাকার ব্যয় বিভাজন প্রস্তাব অনুমোদন এবং উক্ত জেলার অনুকূলে অর্থ ছাড়করণের বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সংযুক্তিঃ ১৮ (আঠারো) ফর্দ।



১৭-০৬-২০২৫

সাবরিনা সুলতানা

সহকারী ভূমি সংস্কার কমিশনার

০২৪১০১০৪৫৫

alrc4@lrb.gov.bd

সিনিয়র সচিব

ভূমি মন্ত্রণালয়।

**দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

উপ-সচিব, বাজেট ও অডিট শাখা।

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.১১.০০৬১.২০.২১৬/১ (৭)

তারিখ: ৩ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ  
১৭ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সচিব, অর্থ বিভাগ।
- ২। কমিশনার, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, মাদারীপুর।
- ৪। উপসচিব, বাজেট শাখা-১৮, অর্থ বিভাগ।
- ৫। উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৬। চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড।
- ৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, ভূমি সংস্কার বোর্ড।



১৭-০৬-২০২৫

সাবরিনা সুলতানা

সহকারী ভূমি সংস্কার কমিশনার